মিরপুরে পার্চিং পদ্ধতিতে পোঁকামাকড় দমন পদ্ধতিতে কৃষকদের আগ্রহ বেড়েছে

কুষ্টিয়ার মিরপুর উপজেলার কৃষকদের মাঝে বোরো ধান ক্ষেতের ক্ষতিকারক পোঁকা-মাকড় দমনে পার্চিং বা ডালপালা পোঁতা (গেড়ে দেয়া) কার্যক্রম ব্যাপক আগ্রহের সৃষ্টি করেছে।

দিনদিন এ পদ্ধতি জনপ্রিয় হয়ে ওঠায় রাসায়নিক কীটনাশক সারের ব্যবহার কমে আসছে। এর সুফলও পাচ্ছে স্থানীয় কৃষকরা। চাষীরা তাদের আবাদি জমিতে রাসায়নিক কীটনাশক ব্যবহার কমিয়ে প্রাকৃতিক এই পদ্ধতির দিকে ঝুঁকছে। এলাকার কৃষকরা ধান ক্ষেতে পার্চিং পদ্ধতিতে আগ্রহ বেড়েছে।

মিরপুর উপজেলা কৃষি অফিস সুত্রে জানা গেছে, চলতি বোরো আবাদে ইতোমধ্যেই মাঠে সবুজের সমারোহ দেখা যাচ্ছে। প্রাকৃতিক বিপর্যয় ও পোঁকা মাকড় থেকে ফসলকে রক্ষা করতে কৃষকদের রাসায়নিক বালাই নাশকের পরিবর্তে ধান ক্ষেতে পার্চিং করে বা ডাল-পালা পুঁতে পোঁকা দমন করা সম্ভব এবং পোঁকাড় বংশ বিসত্মার রোধ করাও সম্ভব।

উপসহকারী কৃষি অফিসার গোলাম হোসেন ও ময়নুল ইসলাম রাজিব জানান, পার্চিং করা ধান ক্ষেতের ডাল-পালায় পাখিরা বসে ধানের ক্ষতিকর পোঁকা খেয়ে ফসল রক্ষা করে। আর এ পদ্ধতি গ্রহণ করতে কৃষকদেরকে কৃষি কর্মকর্তারা পরামর্শ ও উৎসাহ দিচ্ছেন। এতে কৃষকদের ধান উৎপাদন খরচ কম পড়বে এবং প্রাকৃতিক ভাবে পোঁকামাকড় দমন হবে বলেও জানান তারা।

মিরপুর উপজেলার মশান গ্রামের কৃষক আব্দুল মান্নান জানান, জমিতে পার্চিং করা বা ডাল পালা, বাঁশের কঞ্চি পোঁতা (গেড়ে দেয়া) পদ্ধতিটি খুবই সহজ। এর তেমন কোন খরচও নেই। পাখি ডালে বসে মাজরা পোঁকার মথ, পাতা মোড়ানো পোঁকা মথ ও ফড়িং জাতীয় পোঁকাগুলো সহজেই ধরে খেতে পারে। এতে পোঁকা আর বংশ বিস্তার করতে পারে না। এমনকি বিগত কয়েক বছর ধরে তিনি জমিতে কোন প্রকার রাসায়নিক বালাই নাশক একেবারেই ব্যবহার করেন না।

মিরপুর উপজেলা কৃষি কর্মকর্তা রমেশ চন্দ্র ঘোষ জানান, ধান

ক্ষেতে পার্চিং বা ডাল পোঁতা জৈবিক পোঁকা দমন এটি খুবই কার্যকর পদ্ধতি। বিশেষ করে মাজরা পোঁকাড় আক্রমন থেকে ফসল রক্ষা করতে এটি খুবই কার্যকর পদ্ধতি। একটি মাজরা পোঁকার মথ ২ শ’ থেকে আড়াই শ’ ডিম পাড়ে। ডিম থেকে কিড়া বের হয়ে একটি করে ধানের কুঁশি কাটে। যা কৃষকদের খুব ক্ষতি সাধন করে। আর এই ক্ষতিকারক পোঁকার মথ পার্চিং করা ডালে বসে পাখি খেয়ে ফেলে।

এটি পরিবেশ বান্ধব হওয়ায় কৃষকরা একটু চেষ্টা করে জমিতে ডাল পালা পুঁতে দিলেই হলো। আমরা এ পদ্ধতির জন্য কৃষকদের উৎসাহিত করছি।

মেপ্র/আরজেএম

দর্শনায় মুজিবশতবর্ষ ও অনিবার্ণের ৩ যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব

চুয়াডাঙ্গা জেলার দর্শনার অনিবার্ণ থিয়োটার প্রতি বছর জাঁকজমক ভাবে ২১শে ফেব্রুয়ারি পালন করে, আয়োজন করে একুশে মেলা ও নাট্য উৎসব, এ বছরেরও জাঁকজমক ভাবে পালন করা হবে ২১ শে ফেব্রুয়ারি। আর মাত্র ১দিন পর দর্শনা অনিবার্ণ থিয়োটারের আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে একুশে মেলা ও নাট্য উৎসব।

ইতোমধ্যে দর্শনা ডাক বাংলো চত্বরকে ঘিরে সাজ সাজ রাব। বঙ্গবন্ধুর শত বর্ষ পুর্তি ও অনিবার্ণের ৩যুগ পুর্তিতে একুশে মেলা ও নাট্য উৎসব এবছর অন্য রকম বর্ণিল সাজে রঙিন হয়ে উঠেছে আশেপাশের দেওয়াল গুলো। নানা কথার মালা এবং আলপনায় শোভা পাচ্ছে ডাক বাংলো চত্বর।

উৎসবকে ঘিরে দিন-রাত যেন অনিবার্ণ নাট্যকর্মীর্দের চোখে ঘুম নেই। রং তুলির ছোঁয়ায় নানা রং এর নানা বর্ণমালায় রাঙিয়ে দিয়েছে মেলা চত্বর।

এবারের একুশে মেলা ও নাট্য উৎসবের গাহি সাম্যের গান, যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাঁধা ব্যবধান, যেখানে মিশেছে হিন্দু, বৌদ্ধ, মুসলিম, খীষ্টান এই শ্লোগান ধারণ করা হয়েছে। এ শ্লোগানকে সামনে রেখে দর্শনা অনিবার্ণ থিয়েটার সপ্তাহ ব্যাপী দুই বাংলার থিয়েটার গ্রুপের সংমিশ্রণে একুশে মেলা ও নাট্য উৎসবের আয়োজন করেছে।

গত মঙ্গলবার অনেক রাত পর্যন্ত অনিবার্ণ কর্মীদের দেখা গেছে ব্যানার, ফেস্টুন, কাঠে পেরেক ঠুকা, মঞ্চ তৈরী ও মেলা চত্বর সাজানোর কাজে ব্যস্ত রয়েছে। আগামী একুশে ফ্রেরুয়ারী উদ্বোধনী অনুষ্ঠান শেষে যশোর বিবর্তণ থিয়েটারের নাটক উন্মুক্ত মঞ্চে ”পাঁইচো চোরের কেচ্ছা” নাটক পরিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসব শুরু হবে।

এছাড়া প্রতিদিন বিকালে মেলা চত্বরে খোলা মঞ্চে বিভিন্ন স্কুল কলেজের ছেলে মেয়েদের পথ নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান বর্ণ লেখা, চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২২ ফ্রেরুয়ারী আনোয়ার হোসেনের লেখা ও নির্দেশনায় নাটক জিষ্ণু যারা পরিবেশিত হবে।

মেলার দ্বিতীয় দিন কলকাতা বেলঘরিয়ার নাটক ”টমেন জেরী”, ৩য় দিন কলকাতা পূর্ব-পশ্চিম থিয়েটারের নাটক ”পটলবাবু ফিল্ম স্টার”, ৪র্থ দিন চুয়াডাঙ্গা অরিন্দম সাংস্কৃতিক সংগঠনের নাটক ”নীল সিন্দুরীয়া”, ৫ম দিন ঢাকা প্রাঙ্গনেমোর থিয়েটারের নাটক কনডেম সেল, ৬ষ্ঠ দিন ঢাকা শব্দ নাট্যচচার্ কেন্দ্রের নাটক ”তৃতীয় একজন” ও ৭ম দিনে ঢাকা সময় সাংস্কৃতিক গোষ্ঠীর পিবেশনায় নাটক ”ভাগের মানুষ” প্ররিবেশনের মধ্যে দিয়ে একুশে মেলা ও নাট্য উৎসবের সমাপ্তি হবে বলে জানা গেছে।

মেপ্র/আরজেএম

কুষ্টিয়ায় শিশু ধর্ষণের অভিযোগে ফুফা কারাগারে

কুষ্টিয়ায় মিরপুরে ১১ বছর বয়সী শিশুকে (৪র্থ শ্রেণির ছাত্রী) ধর্ষণের অভিযোগে ফুফা আবুল হাসেমকে (৫৫) কারাগারে প্রেরণ করেছেন আদালত। মঙ্গলবার দুপুর আড়াইটায় অভিযুক্তকে কারাগারে প্রেরণের নির্দেশ দেন আদালত।

এর আগে রবিবার রাতের ঘটনায় সোমবার সন্ধ্যায় শিশু ধর্ষণ অভিযোগে করা মামলার একমাত্র আসামি আবুল হাসেমকে গ্রেফতার করে আদালতে সৌপর্দ করে মিরপুর থানা পুলিশ।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. তাপস কুমার সরকার জানান, মিরপুর থানায় শিশু ধর্ষণের অভিযোগে করা মামলার ভিকটিম শিশুটির ডাক্তারি পরিক্ষা সম্পন্ন হয়েছে।

মামলার এজাহার সূত্রে জানা যায়, গত (১৬ ফেব্রুয়ারী) রবিবার রাতে শিশুটির পরিবারের মা, বাবা, দাদিসহ সবাই বাড়ির পার্শ্ববর্তী ওয়াজ মাহফিলে যান। রাত ৯টার দিকে শিশুটির ঘুম পাচ্ছে বলে মাকে জানালে মা বাড়িতে গিয়ে ঘুমাতে বলেন। শিশুটি বাড়িতে এসে ফুফু মিনারা খাতুনের ঘরে টিভি চলতে দেখে সেখানে যান। এসময় ওই কক্ষে মিনারা খাতুন ও তার স্বামীও ঘুমাচ্ছিল। টিভি দেখার এক পর্যায়ে শিশুটিও সেখানে ঘুমিয়ে পড়ে। রাত সাড়ে ১০টার দিকে মিনারা খাতুনের স্বামী হাসেম আলী ঘুমন্ত শিশুটির মুখ চেপে ধরে ধর্ষণ করে। এঘটনায় শিশুটির পিতা বাদী হয়ে মিরপুর থানায় হাসেম আলীর বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে মামলা করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মিরপুর থানার অফিসার ইনচার্জ আবুল কালাম জানান, গত সোমবার সন্ধ্যায় ধর্ষণের অভিযোগে করা মামলার

একমাত্র আসামি হাসেম আলীকে (৫৫) গ্রেফতার করে আদালতে সৌপর্দ করা হয়েছে। আদালত শুনানী শেষে জামিন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করেছেন।

মেপ্র/ইএম

ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় এনজিও কর্মী নিহত

কুষ্টিয়ার ভেড়ামারায় সড়ক দুর্ঘটনায় আব্দুল হান্নান সরকার (৫৪) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। রোববার (১৬ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ৮টার দিকে কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের ৯ মাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।
নিহত আব্দুল হান্নান সরকার সিরাজগঞ্জ জেলার রায়পুর এলাকার সোলাইমান সরকারের ছেলে। তিনি ব্র্যাক এনজিওতে কর্মরত ছিলেন। স্থানীয়রা জানায়, সকালে মোটরসাইকেল যোগে ভেড়ামারা ব্র্যাক অফিসে যাওয়ার পথে ৯ মাইল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক মটরসাইকেলটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মটরসাইকেল চালক আব্দুল হান্নানের মৃত্যু হয়।
ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শাহজামাল বলেন, ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। মেপ্র/আরজেএম

মৌবনের ব্যাতিক্রম ভালোবাসা শিশুরা পেলো উপহার সামগ্রী

ফাল্গুনের ফল্গুনধারা বদলে নতুন শুরু হয়েছে ১৪ ই ফেব্রুয়ারী ও পহেলা ফাল্গুন ও। দিনটি বিশেষ দিবস হিসেবে সারাদেশে বসন্ত উৎসব ও বিশ্ব ভালোবাসা দিবস মিলেমিশে একাকার।

কুষ্টিয়ায় শিশুদের মাঝে ব্যতিক্রমভাবে এর দিবসটি উদযাপন করেছেন নারী বাতায়ন নামের একটি সংস্থা। মানবকল্যাণে একটি “মৌবন” উদ্যোগ। এ উদ্যোগের সারথি হিসেবে এই আজকের বিশেষ দিনটিকে অন্যভাবে উপস্থাপন করেছে তারা। এখানে অর্ধশতাধিক শিশু প্রতি সপ্তাহে তিনদিন বিনামূল্যে চিত্রাংকন প্রতিযোগিতা প্রশিক্ষণ দেওয়া হয়।

ভালোবাসা দিবস উপলক্ষে ভালোবাসা ছড়িয়ে দেওয়া হয় এসব শিশুদের মাঝে। এ উপলক্ষে কেক কাটা, মিষ্টি মুখসহ নানান মুখরোচক খাবার দিয়ে আপ্যায়ন করা হয়। পরে সকল শিক্ষার্থীদের উপহার স্বরূপ তাদের রং পেন্সিল, আর্ট এর খাতা সহ যাবতীয় আর্টের সরঞ্জামাদি বিতরন করা হয়।

এসময় মৌবনের সিইও হাবিবুল আলম, নির্বাহী পরিচালক সাফিনা আনজুম জনি, শিশির বেকারীর স্বত্বাধিকারী শহীদুল ইসলাম, পরিচালক ফারজানা তানভীর, মৌবনের সহকারী ম্যানেজার আশিকুজ্জামান রনি, অমিত দত্ত, পিআরও এসএম জামাল, নিপা নাজমীন উপস্থিত ছিলেন।

মৌবনের সহকারী ম্যানেজার আশিকুজ্জামান রনি জানান, শিশুদের মেধা আরও বিকশিত করতে পড়ালেখার পাশাপাশি ছবি আঁকার প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। আমরা মৌবনের উদ্যোগে নারী বাতায়নের মাধ্যমে হাউজিং এলাকার অর্ধশতাধিক শিশু শিক্ষার্থীদের বিনা-মূল্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। যাতে করে তারা ভালো ছবি আঁকতে পারে।

বসন্ত আর ভালোবাসা দিবসে শিশুদের প্রতি ভালোবাসার নিদর্শন স্বরুপ তাদের জন্য চিত্রাঙ্কনের সরঞ্জামাদী তুলে দেওয়া হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান তিনি

মেপ্র/আরজেএম

বাল্যবিয়ের অপরাধে বর ও কনের বাবার জেল-জরিমানা

কুষ্টিয়ার ভেড়ামারায় বাল্যবিয়ে করার অপরাধে বর ও কনের বাবাকে কারাদন্ডে দন্ডিত করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ভ্রাম্যমান আদালতে এ দন্ড দেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ।
দন্ডপ্রাপ্ত বর উপজেলার বাহিরচর ইউনিয়নের বারোদাগ এলাকার বিষু প্রামানিকের ছেলে নাম শিমুল হোসেন। সে গ্রাম পুলিশ হিসেবে দায়িত্ব পালন করেন। কনের বাবা বাহিরচর ইউনিয়নের মন্টু সর্দারের ছেলে সাহাবুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সোহেল মারুফ জানান, ভেড়ামারা উপজেলার বাহিরচর ইউনিয়নের দশম শ্রেণির ছাত্রী সোনিয়াকে বিয়ে করার অপরাধে গ্রাম পুলিশ শিমুল হোসেনকে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ অনুসারে ৯ মাসের বিনাশ্রম কারাদন্ড এবং বাল্যবিবাহে সহযোগিতা করার অপরাধে মেয়ের বাবা সাহাবুল ইসলামকে ৬ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়। একই সাথে কনের চাচা আ: মজিদকে ৫ হাজার টাকা অর্থদন্ডে দন্ডিত করা হয়।

তিনি আরও জানান, গত শুক্রবার তারা বিয়ের আয়োজন করায় পুলিশ বিয়ে বন্ধ করে এসেছিল। পরবর্তীতে তারা পালিয়ে বিয়ে করে। এ ব্যাপারে গ্রাম পুলিশ অভিযুক্ত শিমুল হোসেনকে বরখাস্ত করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আরো পড়ুন-ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষক নিহত

সুন্নতে খৎনা করতে গিয়ে শিশুর লিঙ্গ কর্তন

কুষ্টিয়ায় সুন্নতে খৎনা করতে গিয়ে সাদিক হোসেন (৯) নামের এক শিশুর লিঙ্গ কর্তনের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় হাজাম ফুরকান আলী খলিফা (৭০)কে আটক করেছে পুলিশ।
গতকাল বৃহস্পতিবার সকালে শহরতলী উদিবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

গুরুতর আহত শিশুটিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। শিশু সাদিক হোসেন কুষ্টিয়া শহরতলীর উদিবাড়ি এলাকার আকতার হোসেনের ছেলে। সে উদিবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেনীর ছাত্র।

কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালের ইউরোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. ওহিদুল আলম জানিয়েছেন শিশু সাদিকের লিঙ্গের দুই তৃতীয়াংশ কেটে ফেলায় প্রচুর রক্ষণ হয়েছে।
জরুরী সার্জারি বিভাগে শিশুটির রক্তক্ষরণ বন্ধে প্রয়োজনীয় শল্য চিকিৎসা দেয়া হচ্ছে। শিশুটিকে বাঁচানো গেলেও পরবর্তীতে কতটুকু স্বাভাবিক হতে পারবে সে বিষয়ে এখনই কিছু বলা যাচ্ছে না।

সাদিকের পিতা আকতার হোসেন বলেন, বৃহষ্পতিবার সকাল ৯টায় ছেলের খৎনা করতে হাজাম ফুরকান আলী বাড়িতে আসেন। যথারীতি নিয়মে খৎনা করতে গিয়ে পর পর দুইবার খুর চালিয়ে লিঙ্গের মাথা থেকে দুই টুকরো কেটে ফেলে। এতে প্রচুর রক্তক্ষরণ হতে থাকে। পরিস্থিতি যখন খুব খারাপের দিকে যায় তখন দ্রুত হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক জানিয়েছেন লিঙ্গ কেটে ফেলা হয়েছে।

বিষয়টির সত্যতা নিশ্চিত করে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, খৎনা করতে গিয়ে শিশুর লিঙ্গ কেটে ফেলানোর অভিযোগে হাজাম (খৎনাকারী) ফুরকান আলী খলিফাকে আটক করেছে পুলিশ।
আটক ফুরকান আলী সদর উপজেলার কবুরহাট খলিফাপাড়ার মৃত আব্দুল আজিজ খলিফার ছেলে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

আরো পড়ুন-অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফাইনালে বাংলাদেশ

ইসির অভ্যন্তরীণ বিষয় বাহিরে প্রকাশ যুক্তিযুক্ত নয়: হানিফ

নির্বাচন কমিশনের (ইসি) অভ্যন্তরীণ বিষয় বাহিরে প্রকাশ করা যুক্তিযুক্ত নয় বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহাবুব উল আলম হানিফ।

হানিফ বলেছেন, ‘ইসির অভ্যন্তরীণ বিষয়গুলো বাহিরে প্রকাশ করাটা কোনো মতেই যুক্তিযুক্ত হতে পারে না। যিনি বা যারা অভ্যন্তরীণ বিষয় নিয়ে মিডিয়ার সামনে কথা বলেন দেশবাসী মনে করেন, এটা তার অযোগ্যতা অদক্ষতাই প্রমাণ করে।’

গতকাল বুধবার সকালে কুষ্টিয়া মেডিকেল কলেজে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

আওয়ামী লীগের এই নেতা বলেন, ‘ইসির কেউ যদি মনে করেন কাজ করার মতো সক্ষমতা হারিয়ে ফেলেছেন তার সেই যোগ্যতা নেই। সেই পথও তার জন্য খোলা আছে। ইচ্ছে করলে তিনি অবসরে যেতে পারেন।’

আরেক প্রশ্নের জবাবে হানিফ বলেন, ‘বিএনপির বিক্ষোভ আন্দোলন বিএনপিই ভালো জানে। এটা নিয়ে আমাদের কোনো মাথাব্যথা নেই। জনগণও এটা নিয়ে ভাবছে না।’

‘বিএনপি গত জাতীয় নির্বাচনের পর হরতাল ডেকেছিল। জনগণ ভোটের দিক থেকে যেমন বিএনপিকে প্রত্যাখ্যান করেছে আন্দোলনের দিক থেকেও প্রত্যাখ্যান করেছে। এই দলটাই জনগণ প্রত্যাক্ষিত দল। এদের কর্মসূচি নিয়ে আওয়ামী লীগের ভাবার কোনো প্রশ্নই উঠে না। জনগণও ভাবে না।’

এ সময় আরও উপস্থিত ছিলেন কুষ্টিয়া মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. এস এম মুসতানজীদ, মেডিকেল কলেজের ডাক্তার, শিক্ষার্থী, জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দসহ সিভিল সার্জন অফিসের কর্মকর্তারা।

মেপ্র/আরপি

কুষ্টিয়া সীমান্তে বিএসএফ‘র গুলিতে কৃষক গুলিবিদ্ধ

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে বিএসএফের গুলিতে গাজী (৩২) নামে এক বাংলাদেশি কৃষক গুলিবিদ্ধ হয়েছেন।

মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সকালে উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের ছলিমেরচর সীমান্তে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ কৃষক ওই এলাকার নিয়ামত আলীর ছেলে। তিনি এখন বিএসএফের তত্বাবধানে ভারতে চিকিৎসাধীন রয়েছেন।

বিজিবি ও স্থানীয় সূত্রে জানা যায়, ছলিমেরচর সীমান্ত এলাকার কৃষক গাজী, রুবেল ও সাহাবুল ১৫৭/২(এস) সীমান্ত পিলার সংলগ্ন বাংলাদেশি ভূ-খন্ডে নিজ জমিতে সরিষা কাটছিলেন। এসময় ভারতের মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার মুরাদপুর ক্যাম্পের টহলরত বিএসএফ তাদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়ে। এতে পায়ে গুলিবিদ্ধ হন গাজী। তবে অন্য কৃষকরা পালিয়ে প্রাণে বেঁচে যান। পরে গুলিবিদ্ধ কৃষক গাজীকে ধরে নিয়ে যায় বিএসএফ। এ ঘটনায় সীমান্ত জুড়ে আতংক ছড়িয়ে পড়েছে।

রামকৃষ্ণপুর ইউপি চেয়ারম্যান সিরাজ মন্ডল জানান, ছলিমেরচর সীমান্ত এলাকায় বিএসএফের গুলিতে গাজী নামে এক কৃষক গুলিবিদ্ধ হয়েছেন। তবে তিনি মারা গেছেন কিনা তা নিশ্চিত হওয়া যায়নি।

এ ঘটনায় ৪৭ বিজিবি ব্যাটালিয়ন অধিনস্থ চিলমারী বিওপি’র পক্ষ থেকে পতাকা বৈঠকের আমন্ত্রণ জানিয়ে বিএসএফের নিকট পত্র পাঠানো হয়েছে।

৪৭ বিজিবির ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্ণেল রফিকুল আলম বলেন, সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি একজনের পায়ে গুলি লেগেছে। তিনি ভারতে চিকিৎসাধীন রয়েছেন বলে আমরা জানতে পেরেছি।

মেপ্র/ইএম

কুষ্টিয়ায় খাদ্য দিবস উপলক্ষে মৌবনের উদ্যোগে খাদ্য বিতরণ

‘সবাই মিলে হাত মেলাই, নিরাপদ খাদ্য নিশ্চিত চাই’ এই প্রতিপাদ্য নিয়ে কুষ্টিয়ায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে খাদ্য বিতরণ করা হয়েছে।
রবিবার রাতে মৌবন চত্বরে রিকশা-অটোরিকশা চালকসহ ভাসমান ক্ষুধার্তদের মাঝে এ খাদ্য বিতরণ করা হয়।
এসময় মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, ডিস্ট্রিবিউশন ম্যানেজার আশিকুজ্জামান রনি, সহকারী ব্যবস্থাপক অমিত দত্তসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
মৌবন কতৃপক্ষ জানান, মৌবন শুধু ব্যবসায় করে না, সাধারণের সাথে থাকে। সামাজিক কর্মকান্ডসহ মানবকল্যাণেও নিয়োজিত থাকে। তারই ধারাবাহিকতায় বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে রাতের সময় শহরে চলাচলরত রিকশা-অটোরিকশা চালকসহ শতাধিক ভাসমান ক্ষুধার্তদের মাঝে এসব খাদ্য বিতরণ করা হয়। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান। মেপ্র/ইএম